

বিমানের ১৪৪ জুনিয়র কর্মকর্তাকে পদোন্নতি

- A Monitor Desk Report

Date: 24 October, 2024



ঢাকাঃ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের 'জুনিয়র অফিসার' পদমর্যাদার ১৪৪ জনকে সহকারী ব্যবস্থাপক পদে পদোন্নতি দেয়া হয়েছে।

বিমানের উপমহাব্যবস্থাপক (পার্সোনেল) খন্দকার বাকী উদ্দিন আহম্মদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা যায়। বিমানের প্রশাসন ও মানবসম্পদ পরিদফতর/পার্সোনেল শাখা থেকে আলাদা ৮টি আদেশে তাদের পদোন্নতি দেয়া হয়।

পদোন্নতিপ্রাপ্তদের মধ্যে রয়েছেন: প্রশাসন বিভাগের ২২ জন, নিরাপত্তা বিভাগের ৪ জন, বাণিজ্যিক বিভাগের ২১ জন, গ্রাউন্ড সার্ভিস বিভাগের ৭২ জন, হিসাব বিভাগের ২০ জন, প্রকিউরমেন্ট বিভাগের ৩ জন, অপারেশন ট্রেনিং বিভাগের ১ জন ও মেইন্টেনেন্স বিভাগের ১ জন।

আদেশে বলা হয়েছে, কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পদোন্নতিপ্রাপ্তরা বেতন বিভাগ-৬ এর বেতনক্রম ২৬ হাজার ৫০০ থেকে ৫৭ হাজার ৯৫০ টাকা প্রাপ্য হবেন।

পদোন্নতিপ্রাপ্তরা ৬ মাসের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ সন্তোষজনক হলে তাদের চাকরি নিশ্চিতকরণ করা হবে।

-B